বাংলাদেশ কম্পিউটার সোসাইটি

# BANGLADESH COMPUTER SOCIETY

An organization of Computer Professionals established in 1979

Under Registration No. S 1638(53)/95

## বিসিএস নির্বাচন-২০২৩ এর তফসিল
## বিভিন্ন কার্যক্রমের তারিখ, সময় ও স্থান

| ক্রম | কার্যক্রমরে বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র বিতরণ এবং গ্রহণ | ০১-০২ ডিসেম্বর ২০২৩ (শুক্রবার ও শনিবার) | বিকাল ৪:০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬ ঘটিকা | সোসাইটির অফিস থেকে ফরম গ্রহণ ও জমা (সোসাইটির ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করা যেতে পারে) |
| ০২ | মনোনয়ন পত্র বাছাই এবং প্রাথমিক তালিকা প্রকাশ | ০৫ ডিসেম্বর ২০২৩ (মঙ্গলবার) | সন্ধ্যা ৬ ঘটিকা | সোসাইটির ওয়েবসাইট ও সোসাইটির নোটিশবোর্ড |
| ০৩ | প্রকাশিত তালিকার উপর আপত্তি গ্রহন | ০৬ ডিসেম্বর ২০২৩ (বুধবার) | সকাল ১০টা-বিকাল ৫ ঘটিকা | প্রার্থী স্ব-শরীরে সোসাইটির অফিসে উপস্থিত হয়ে আপত্তি দিবেন |
| ০৪ | প্রাপ্ত আপত্তির উপর শুনানী | ০৭ ডিসেম্বর ২০২৩ (বৃহস্পতিবার) | বিকাল ৪:০০ ঘটিকা থেকে শুরু হবে | প্রার্থী স্ব-শরীরে সোসাইটির অফিসে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করবেন |
| ০৫ | প্রার্থীদের সংশোধিত প্রাথমিক তালিকা প্রকাশ | ০৮ ডিসেম্বর ২০২৩ (শুক্রবার) | সন্ধ্যা ৬ ঘটিকা | সোসাইটির ওয়েবসাইট ও সোসাইটির নোটিশবোর্ড |
| ০৬ | মনোনয়ন পত্র প্রত্যাহার | ০৯ ডিসেম্বর ২০২৩ (শনিবার) | বিকাল ৪:০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬ ঘটিকা | প্রার্থী স্ব-শরীরে সোসাইটির অফিস এসে মনোনয়ন পত্র প্রত্যাহার করতে হবে। |
| ০৭ | প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ | ১০ ডিসেম্বর ২০২৩ (রবিবার) | সন্ধ্যা ৬ ঘটিকা | সোসাইটির ওয়েবসাইট ও সোসাইটির নোটিশবোর্ড |
| ০৮ | ভোট গ্রহণ | ২৯ ডিসেম্বর ২০২৩ (শুক্রবার) | সকাল ৮টা-বিকাল ৪ ঘটিকা (১২:৩০-২:৩০ বিরতী) | বাংলাদেশ কম্পিউপার সোসাইটি (২৩ শহিদ মিনার রোড, কল্যানপুর বাসস্ট্যান্ড, ঢাকা-১২০৭) |

**নির্বাচন সংক্রান্ত সাধারণ নিয়মাবলীঃ**

১) নির্বাচনে অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রদানের জন্য ভোটার তালিকায় নাম থাকতে হবে;

২) অনারারী ফেলো এবং ছাত্র সদস্যগণ প্রার্থী কিংবা ভোটার হতে পারবেন না;

৩) ম্যানেজমেন্ট কমিটি (MC) নির্বাচনে "সহযোগী সদস্য" এবং "গ্রাজুয়েট সদস্য"গণ কোন পদে প্রার্থী হতে পারবেন না, তবে ভোট দিতে পারবেন, কিন্তু কাউন্সিল মেম্বার নির্বাচনে "সহযোগী সদস্য"গণ অংশ গ্রহন করতে পারবেন;

৪) ম্যানেজমেন্ট কমিটি (MC)-এর সভাপতি এবং সহ-সভাপতি পদের জন্য প্রার্থীকে "ফেলো" হিসেবে নূন্যতম ৩ বছর এবং অন্যান্য সকল পদে কমপক্ষে "সদস্য" হিসেবে নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

৫) কোন সদস্য ম্যানেজমেন্ট কমিটি (MC) -এর কোন একটি পদে পর পর ২ বার দায়িত্বে থাকলে তিনি পুনরায় ঐ পদের প্রার্থী হতে পারবেন না;

৬) প্রার্থীর আবেদন পত্রে একজন ভোটারের প্রস্তাব ও অপর একজন ভোটারের সমর্থন থাকতে হবে;

৭) কোন ভোটার কোন পদের বিপরীতে পদসংখ্যার বেশী প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না, এরূপ সংঘটিত হলে ঐ ভোটার কর্তৃক স্বাক্ষরিত সকল প্রার্থীর আবেদন বাতিল বলে গন্য হবে; অন্যদিকে একক পদের ক্ষেত্রে কোন প্রার্থী অন্যকোন প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না, করলে তাঁর নিজের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে;

৮) কোন প্রার্থী একাধিক পদের মনোনয়ন জমা দিতে পারবেন কিন্তু একাধিক পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন না। চূড়ান্ত প্রার্থীতা প্রকাশের পূর্বে একটি পদ রেখে বাকি সকল পদের প্রার্থীতা লিখিতভাবে প্রত্যাহার করতে হবে, অন্যথায় সকল আবেদন বাতিল বলে গন্য হবে;

**Mailing Address:** House#23, Shahid Minar Road, Kalyanpur Bustard, Dhaka-1207, Bangladesh
Phone: Cell: +8801753827949, E-mail :bcssociety1979@gmail.com, Website : www.bcsbd.org.bd

বাংলাদেশ কম্পিউটার সোসাইটি
**BANGLADESH COMPUTER SOCIETY**
An organization of Computer Professionals established in 1979
Under Registration No. S 1638(53)/95

৯) ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারকে সনাক্তকরণের জন্য সোসাইটি কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্র অথবা জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট অথবা কর্মরত প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্র প্রদর্শন করতে হবে;

১০) উপস্থাপিত পরিচয়পত্র এবং ভোটার তালিকায় নামের মধ্যে গড়মিল থাকলে ভোট প্রদান করতে দেয়া হবে না;

১১) নির্বাচন কেন্দ্রের বাউন্ডারীর ভিতরে বা বাহিরে ১০০ গজের মধ্যে উচ্চ যান্ত্রীক শব্দ করা যাবে না;

১২) নির্বাচন কেন্দ্রের বাউন্ডারীর ভিতরে কোনরূপ ব্যানার টানানো যাবে না বা নির্বাচনী প্রচারনা চালানো যাবে না;

১৩) নির্বাচনী প্রচারণায় কোন প্রকার বিভ্রান্তিমূলক বা আক্রমনাত্নক প্রচারণা চালানো যাবে না;

১৪) কম্পিউটার ব্যবহার করে ইলেক্ট্রোনিক ভোটিং পদ্ধতিতে স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনে অংশ গ্রহন করতে হবে;

১৫) নির্বাচন চলাকালীন সময়ের মধ্যে ভোটাধিকার প্রদান ব্যতিত বিসিএস ম্যানেজমেন্ট কমিটি অথবা প্রার্থীদের কেহ অথবা অনুনমোদিত কেহ ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবেন না;

১৬) যে কোন প্রার্থী যে কোন সঠিক ভোটারকে তাঁর নির্বাচণী এজেন্ট হিসেবে নিয়োগের লক্ষ্যে প্রিজাইডিং অফিসারের নিকট নির্বাচন আরম্ভের নূন্যতম ২ ঘন্টা পূর্বে নির্ধারিত ফরমে (২টি ছবিসহ) আবেদন করে উক্ত এজেন্টের আইডি গ্রহন করতে হবে;

১৭) প্রার্থীতাসহ সকল কাজে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত ফরমে নির্ধারিত ফিসহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে, অর্থাৎ নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন কাগজে কোন প্রকার আবেদন করা যাবে না;

১৮) নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

বিসিএস নির্বাচন-২০২৩ এর নির্বাচনের জন্য নির্ধারিত পদের নাম, পদের সংখ্যা ও প্রার্থীতার জন্য নির্ধারিত ফি।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীতা ফি |
|---|---|---|---|
| ০১ | সভাপতি | ০১ (এক) | ৪,০০০/- |
| ০২ | সহ-সভাপতি (প্রশাসন) | ০১ (এক) | ৩,০০০/- |
| ০৩ | সহ-সভাপতি (অর্থ) | ০১ (এক) | ৩,০০০/- |
| ০৪ | সহ-সভাপতি (একাডেমিক) | ০১ (এক) | ৩,০০০/- |
| ০৫ | মহাসচিব | ০১ (এক) | ৩,০০০/- |
| ০৬ | যুগ্ম-সচিব (প্রশাসন) | ০১ (এক) | ২,০০০/- |
| ০৭ | যুগ্ম-সচিব (অর্থ) | ০১ (এক) | ২,০০০/- |
| ০৮ | যুগ্ম-সচিব (একাডেমিক) | ০১ (এক) | ২,০০০/- |
| ০৯ | কোষাধ্যক্ষ | ০১ (এক) | ২,০০০/- |
| ১০ | কাউন্সিলর | ২৫ (পঁচিশ) | ১,৫০০/- |

12/11/23

মোঃ জাকিউল আলম সরকার
F00207
নির্বাচন কমিশনার

মোঃ আবদুস ছোবহান
F00127
নির্বাচন কমিশনার

12/11/23

মোঃ দেলোয়ার হোসেন
F00112
প্রধান নির্বাচন কমিশনার

**Mailing Address:** House#23, Shahid Minar Road, Kalyanpur Bustard, Dhaka-1207, Bangladesh
Phone: Cell: +8801753827949, E-mail :bcssociety1979@gmail.com, Website : www.bcsbd.org.bd